একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা- ১২১২
www.dgme.gov.bd

নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩২.০০১.২৩.৬৫১

তারিখ: ২৫.০৭.২০২৩ খ্রি.

**২০২২-২০২৩ খ্রি. শিক্ষাবর্ষে বেসরকারি ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে বিডিএস কোর্সে ভর্তিচ্ছু ছাত্র ছাত্রীদের জন্য বিস্তারিত নির্দেশনা (অনলাইন ফরম পুরনের নিয়মাবলি ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য)**

**'বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল' কর্তৃক প্রণীত ভর্তি নীতিমালা- ২০২৩ অনুযায়ী অনলাইনে নির্ধারিত ছকে আবেদন করতে হবে।**

১. ভর্তিচ্ছু শিক্ষার্থীকে টেলিটক এর মাধ্যমে অনলাইনে (http://dgme.teletalk.com.bd) (www.dgme.gov.bd) আবেদন করতে হবে। ২০২২-২০২৩ খ্রি. শিক্ষাবর্ষে বিডিএস ভর্তি পরীক্ষায় কৃতকার্য প্রার্থীরা অনলাইন আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহন করতে পারবেন।

| | | | |
|---|---|---|---|
| ২. | বেসরকারি ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | ঃ ২৫/০৭/২০২৩ খ্রি. | |
| ৩. | অনলাইন আবেদন শুরুর তারিখ | ঃ ২৬/০৭/২০২৩ খ্রি. | (দুপুর ১২.০০ টা) |
| ৪. | অনলাইন আবেদনের শেষ তারিখ | ঃ ০৫/০৮/২০২৩ খ্রি. | (রাত ১২.০০ টা) |
| ৫. | আবেদনের ফি জমাদানের শেষ তারিখ | ঃ ০৬/০৮/২০২৩ খ্রি. | (রাত ১২.০০ টা) |
| ৬. | প্রাথমিক নির্বাচনের এসএমএস প্রদানের তারিখ | ঃ ০৯/০৮/২০২৩ খ্রি. | (দুপুর ১২.০০ টা) |
| ৭. | প্রাথমিক নিশ্চায়নের শেষ তারিখ | ঃ ১৪/০৮/২০২৩ খ্রি. | |
| ৮. | দ্বিতীয় নির্বাচনের এসএমএস প্রদানের তারিখ | ঃ ১৭/০৮/২০২৩ খ্রি. | |
| ৯. | দ্বিতীয় নিশ্চায়নের শেষ তারিখ | ঃ ২২/০৮/২০২৩ খ্রি. | |
| ১০. | ওয়েব সাইটে তালিকা প্রকাশ | ঃ ২৪/০৮/২০২৩ খ্রি. | |
| ১১. | ভর্তি শুরুর তারিখ | ঃ ২৬/০৮/২০২৩ খ্রি. | |
| ১২. | ভর্তির শেষ তারিখ | ঃ ৩১/০৮/২০২৩ খ্রি. | |

১৩. অনলাইন আবেদন: শিক্ষার্থীকে ২০২২-২০২৩ খ্রি. শিক্ষাবর্ষে বিডিএস ভর্তি পরীক্ষার জন্য ব্যবহৃত USER ID ও Password এর মাধ্যমে টেলিটক সফটওয়্যারে BDS Non Government ট্যাব নির্বাচন করে ওয়েব লিংক এ লগ ইন করতে হবে। বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে দেশি শিক্ষার্থী ভর্তির জন্য আবেদন করার সময় প্রার্থীরা BDS ২০২৩ ভর্তি পরীক্ষায় আবেদন করার জন্য যে প্রমাণপত্র ব্যবহার করেছেন তা সিস্টেম দ্বারা স্বয়ংক্রিয়ভাবে যাচিত হবে।

১৪. ওয়েব লিংক এ প্রদর্শিত বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহ হতে তার পছন্দক্রম উল্লেখ করে আবেদন করবে। পরবর্তীতে আবেদন পছন্দক্রম ও মেধা অনুযায়ী স্বয়ংক্রিয় সফটওয়্যার এর মাধ্যমে শিক্ষার্থীর জন্য যোগ্য বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে নির্ধারিত হবে। এ ক্ষেত্রে আবশ্যিকভাবে ছেলেদের ২৫টি ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট ও মেয়েদের ২৬ টি বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে পছন্দক্রম উল্লেখ করতে হবে।

১৫. শিক্ষার্থীকে দুটি অপশনের মধ্যে যেকোনো একটি বেছে নিতে হবে, (ক) নিজ অর্থায়নে ভর্তিচ্ছু (খ) মেধাবী এবং অস্বচ্ছল কোটায় ভর্তিচ্ছু। একটি পছন্দক্রম উল্লেখ করলে স্বয়ংক্রিয়ভাবে অন্য পছন্দক্রম তার জন্য নিস্ক্রিয় হয়ে যাবে। যদি কোন প্রার্থী মেধাবী ও অস্বচ্ছল কোটায় আবেদনে ইচ্ছুক হন তবে অনলাইন আবেদন পত্রে শিক্ষার্থীর অভিভাবকের বাৎসরিক আয়, স্থাবর সম্পত্তির টাকায় মূল্যমান ও অস্থাবর সম্পত্তির টাকায় মূল্যমান নির্ধারিত ট্যাব এ ড্রপ ডাউন বক্স হতে নির্ধারন করে দিতে হবে এবং সব শেষে অঙ্গিকার নামায় ক্লিক করতে হবে।

১৬. আবেদনকারীগণ সম্পূর্ণভাবে মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে নির্বাচিত হবেন; অর্থাৎ আবেদনকারীগণকে প্রথমে মেধা ক্রমানুসারে সাজিয়ে একের পর এক বরাদ্দের জন্য নির্বাচন করা হবে। কোন একজন আবেদনকারীকে বরাদ্দের ক্ষেত্রে তার পছন্দের তালিকার ক্রমানুযায়ী প্রথম যে বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে আসন ফাকা থাকবে সেখানেই তাকে বরাদ্দ দেয়া হবে তবে বরাদ্দের সময় যদি সব বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে আসন পূর্ণ হয়ে যায় তবে সেই আবেদনকারীকে অপেক্ষমাণ তালিকায় রাখা হবে।

১৭. বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে ভর্তির জন্য অনলাইন ফি ৯০০ টাকা আবেদন দাখিলের সময় টেলিটক প্রি-পেইড নম্বর হতে প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের পর দ্রুততম সময়ের মধ্যে প্রার্থী মেধাক্রম অনুযায়ী কোন বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে ভর্তির সুযোগ প্রাপ্ত হবেন তা এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। সর্বোচ্চ ৫ দিনের মধ্যে নির্বাচিত প্রার্থীকে টেলিটক প্রি-পেইড নম্বর হতে ১০০ টাকা প্রদান করে নিশ্চিত করতে হবে তিনি যে বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে জন্য নির্বাচিত হয়েছেন সেই বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে এবং পরবর্তিতে মাইগ্রেসনের সময় তার অধিকতর পছন্দের বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে জন্য নির্বাচিত হলে সেই ডেন্টাল কলেজে ভর্তি হতে সম্মত আছেন। **যদি তিনি নিশ্চায়ন না করেন অর্থাৎ তার বরাদ্দকৃত আসনটি নিশ্চিত না করেন, তাহলে বরাদ্দকৃত আসনটি খালি বলে ধরে নেয়া হবে এবং ভর্তি নিশ্চায়ন না করায় তাকে পরবর্তীতে বেসরকারি অন্য কোন ডেন্টাল কলেজে/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে ভর্তির জন্য বিবেচনা করা হবে না। একবার নিশ্চায়ন করার পর পরবর্তীতে নিশ্চায়নের প্রয়োজন নেই।**

প্রথম নিশ্চায়নের জন্য নির্ধারিত তারিখ শেষে শূন্য থাকা আসনসমূহে ২য় পর্যায়ের বরাদ্দের কার্যক্রম শুরু হবে। ২য় পর্যায়ের বরাদ্দের জন্য নতুন কোন আবেদন করার প্রয়োজন নেই, বরং প্রথমবার আবেদনকৃত প্রার্থীদের মধ্য থেকেই স্বয়ংক্রিয় পদ্ধতিতে ২য় পর্যায়ের বরাদ্দ সম্পন্ন করা হবে। এক্ষেত্রে শূন্য আসনসমূহে শুরুতে প্রথমবারে বরাদ্দকৃত আবেদনকারীদের মধ্য থেকে মাইগ্রেসনের মাধ্যমে ও পরবর্তীতে শূন্য আসন পুরনের জন্য অপেক্ষমান তালিকা হতে আবেদনকারীদেরকে নতুনভাবে নির্বাচন করা হবে। দুটি ক্ষেত্রেই বরাদ্দের প্রক্রিয়া সম্পূর্ণভাবে মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে সম্পন্ন করা হবে। ২য় নিশ্চায়নে অপেক্ষমান তালিকা হতে নির্বাচিত প্রার্থীকে সর্বোচ্চ ৫ দিনের মধ্যে টেলিটকের ওয়েবসাইটের মাধ্যমে পুনরায় ১০০ টাকা প্রদান করে নিশ্চায়ন করতে হবে যে তিনি যে কলেজের জন্য নির্বাচিত হয়েছেন, সেখানে ভর্তি হতে সম্মত আছেন।

১৮. ২য় পর্যায়ের নির্বাচন শেষে, মাইগ্রেসন ও নুতনভাবে বরাদ্দকৃত উভয় ধরনের আবেদনকারীদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং প্রার্থীদেরকে এস.এম.এস. এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

১৯. দ্বিতীয় বরাদ্দের নিশ্চিতকরণের সময়সীমার পরে প্রথম এবং দ্বিতীয় উভয় মনোনয়ন প্রাপ্ত নিশ্চায়নকারী ভর্তিচ্ছুক শিক্ষার্থীগণ সরকার নির্ধারিত ভর্তি ফি প্রদান করে নির্বাচিত কলেজে ভর্তি হতে পারবে।

২০. জাতীয় মেধা তালিকার শিক্ষার্থীদের মধ্যে যারা বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে মেধাবী-অসচ্ছল কোটায় ভর্তি হতে আগ্রহী, তারা অনলাইনে বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহের তালিকা হতে নিজের পছন্দ ক্রমানুসারে আবেদন করবেন। মেধাবী-অস্বচ্ছল কোটায় আবেদনের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক নির্ধারিত 'অস্বচ্ছলতা' প্রমাণের শর্তসমূহ ওয়েবসাইটে উল্লেখ করা থাকবে এবং তদানুযায়ী আবেদন দাখিল করতে হবে। যারা এই কোটায় আবেদন করবেন, তারা শুধু মেধাবী-অস্বচ্ছল কোটার আসনসমূহের জন্য নির্বাচিত হবেন। মেধাবী-অস্বচ্ছল কোটায় ভর্তিচ্ছুদের অস্বচ্ছলতার দালিলিক প্রমাণ মিথ্যা বা ভুল প্রমাণিত হলে আবেদন বাতিল হবে এবং অপরাধ হিসাবে গণ্য হবে। মেধাবী-অস্বচ্ছল কোটায় আবেদনকারীদের মধ্য হতে মেধা ও স্কোরের ভিত্তিতে মেধাবী-অস্বচ্ছল কোটার মোট আসনের ৩ গুণ শিক্ষার্থীদের স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কেন্দ্রীয়ভাবে মনোনয়ন প্রদান করে কলেজগুলোর মধ্যে বন্টন করবে। সংশ্লিষ্ট কলেজের পরিচালনা পর্ষদ মনোনীত প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করে সর্ব সম্মতিক্রমে কোটায় সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা চূড়ান্ত করে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরকে অবহিত করবে।

২১. ভর্তির যোগ্য বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে মোট আসনের সর্বোচ্চ ৪৫% বিদেশি ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকবে। বিদেশি ছাত্র/ছাত্রী পাওয়া না গেলে দেশি ছাত্র/ছাত্রী দ্বারা এ আসনসমূহ পূরণ করা যাবে যা কেন্দ্রীয়ভাবে একই প্রক্রিয়ায় নির্ধারণ করা হবে।

**২২. অনলাইন আবেদনপত্র পূরণের নিয়মাবলি:**

২৩.১ অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার পূর্বে নির্দেশাবলি ভালভাবে পড়ে, বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে দাখিল করতে হবে। **ফি দেবার পূর্বে আবেদনপত্রে কোন ভুল হলে পুন:রায় অনলাইনে আবেদন সংশোধন করা যাবে তবে ফি জমা দেয়ার পর** দাখিলকৃত আবেদনপত্রের কোনো পরিবর্তন করা যাবে না এবং আবেদনপত্র চূড়ান্তভাবে গৃহীত হবে।

২৩.২ **ভর্তিচ্ছু** বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে **নাম নিজের পছন্দের ক্রমানুসারে সাজিয়ে লিখে রাখা প্রয়োজন। এটা করার আগে অভিভাবক/স্বজনদের সাহায্য নেয়া যেতে পারে।** কলেজ কোডগুলো ৩০১ থেকে **৩২৬ (সারণি-১** দ্রষ্টব্য) জানা থাকতে হবে।

**২৩.৩ অনলাইনে ভর্তি পরীক্ষার আবেদন দাখিলের সময় ছেলেদের জন্য ২৫ টি মেডিকেল কলেজ ও মেয়েদের জন্য ২৬ টি মেডিকেল কলেজের পছন্দক্রম উল্লেখ করা বাধ্যতামূলক। অন্যথায় আবেদন বিবেচিত হবে না।**

২৩.৪ সঠিকভাবে আবেদনপত্র পূরণ হলে Validation Code পূরণ করে Submit Button এ ক্লিক করতে হবে, প্রিভিউ অপসনে প্রার্থী কর্তৃক পূরণকৃত অনলাইন আবেদন দেখা যাবে। আবেদন সঠিক হলে চূড়ান্ত Submit Button এ ক্লিক Applicant Copy PDF version download করতে হবে। Download কৃত Applicant Copy তে User ID থাকায় এই User ID ব্যবহার করে নিচের ফি জমাদান পদ্ধতির মাধ্যমে টেলিটক প্রিপেইড মোবাইল থেকে ফি জমা দিতে হবে।

২৩.৫ **ফি জমা দেয়ার পদ্ধতি :**

আবেদনের সময়: টেলিটকের প্রি-পেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে BDSNG লিখে, স্পেস দিয়ে User ID লিখে ১৬২২২ নম্বরে SMS প্রেরণ করতে হবে: উদাহরণ: BDSNG <Space>FRLGCT টাইপ করে Send করুন ১৬২২২ নম্বরে। এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া User ID। ফিরতি SMS -এ একটি PIN, প্রার্থীর নাম এবং পরীক্ষার ফি হিসেবে ৯০০/- (নয়শত) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে ১৬২২২ নম্বরে SMS পাঠাতে হবে।

Message অপশনে গিয়ে BDSNG লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে ১৬২২২ নম্বরে SMS প্রেরণ করতে হবে।
উদাহরণ: BDSNG **<Space>YES<Space> ৪৫৬৭৮৯** টাইপ করে Send করুন ১৬২২২ নম্বরে। এখানে ৪৫৬৭৮৯ হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের প্রি-পেইড মোবাইল থেকে পরীক্ষার ফি বাবদ ৯০০/- (নয়শত) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS - এ আবেদন নিশ্চিত করা হবে।

প্রথম নিশ্চয়নের সময়: টেলিটকের প্রি-পেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে BDSNG লিখে, স্পেস দিয়ে User ID লিখে ১৬২২২ নম্বরে SMS প্রেরণ করতে হবে: উদাহরণ: BDSNG <Space>FRLGCT টাইপ করে Send করুন ১৬২২২ নম্বরে। এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া User ID। ফিরতি SMS -এ একটি PIN, প্রার্থীর নাম এবং পরীক্ষার ফি হিসেবে ১০০/- (একশত) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে ১৬২২২ নম্বরে SMS পাঠাতে হবে।

Message অপশনে গিয়ে BDSNG লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে ১৬২২২ নম্বরে SMS প্রেরণ করতে হবে।
উদাহরণ: BDSNG **<Space>YES<Space> ৪৫৬৭৮৯** টাইপ করে Send করুন ১৬২২২ নম্বরে। এখানে ৪৫৬৭৮৯ হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের প্রি-পেইড মোবাইল থেকে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS - এ আবেদন নিশ্চিত করা হবে।

দ্বিতীয় নিশ্চয়নের সময়:

টেলিটকের প্রি-পেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে BDSNG লিখে, স্পেস দিয়ে User ID লিখে ১৬২২২ নম্বরে SMS প্রেরণ করতে হবে: উদাহরণ: BDSNG <Space>FRLGCT টাইপ করে Send করুন ১৬২২২ নম্বরে। এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া User ID। ফিরতি SMS -এ একটি PIN, প্রার্থীর নাম এবং পরীক্ষার ফি হিসেবে ১০০/- (একশত)) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে ১৬২২২ নম্বরে SMS পাঠাতে হবে।

Message অপশনে গিয়ে BDSNG লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে ১৬২২২ নম্বরে SMS প্রেরণ করতে হবে।
উদাহরণ: BDSNG **<Space>YES<Space> ৪৫৬৭৮৯** টাইপ করে Send করুন ১৬২২২ নম্বরে। এখানে ৪৫৬৭৮৯ হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের প্রি-পেইড মোবাইল থেকে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS - এ আবেদন নিশ্চিত করা হবে।

২৩. ভর্তি কমিটি যেকোনো সিদ্ধান্ত পূর্নবিবেচনা সংরক্ষন করেন এবং ভর্তি সংক্রান্ত যে কোনো বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটি এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

সারণী : ১

| Sl. | College Name | Male/Female | Code | Total Seats Including general Seats and Reserved seats (Foreign quota, Poor merit quota) |
|---|---|---|---|---|
| 1 | Bangladesh Dental College, Dhanmondi, Dhaka. | Male+Female | 301 | 70 |
| 2 | Chattogram International Dental College, Chattogram. | Male+Female | 302 | 70 |
| 3 | City Dental College, 1085/1, Malibag Dhaka. | Male+Female | 303 | 75 |
| 4 | Community Based Medical College Dental Unit, Mymensingh | Male+Female | 304 | 30 |
| 5 | Community Medical College Dental Unit, Mogbazar, Dhaka. | Male+Female | 305 | 30 |
| 6 | Delta Medical College, Dental Unit, Mirpur, Dhaka. | Male+Female | 306 | 25 |
| 7 | Dhaka National Medical College,Dental Unit, Dhaka. | Male+Female | 307 | 20 |
| 8 | Ganoshastho Samaj Vittik Medical College Dental Unit, Savar, Dhaka. | Male+Female | 308 | 40 |
| 9 | Holy Family Red Creasent Mekical College, Dhaka. | Male+Female | 309 | 30 |
| 10 | Ibrahim Medical College, Dental Unit, Dhaka. | Male+Female | 310 | 35 |
| 11 | Islami Bank Medical College, Dental Unit, Rajshahi. | Male+Female | 311 | 20 |
| 12 | Khwaja Yunus Medical College, Dental Unit, Sirajganj | Male+Female | 312 | 20 |
| 13 | Kumudini Medical College, Dental Unit, Tangail | Male+Female | 313 | 40 |
| 14 | Mandi Dental College, Dhanmondi, Dhaka. | Male+Female | 314 | 65 |
| 15 | Marks Medical College Dental Unit, Mirpur-14, Dhaka. | Male+Female | 315 | 50 |
| 16 | MH Shamarita Medical College Dental Unit, Dhaka. | Male+Female | 316 | 55 |
| 17 | North East Medical College Dental Unit, Sylhet. | Male+Female | 317 | 25 |
| 18 | Pioneer Dental College, Dhaka. | Male+Female | 318 | 90 |
| 19 | Rangpur Dental College, Medical East gate, Rangpur | Male+Female | 319 | 100 |
| 20 | Saphena Women's Dental College, 111, DIT Road, Malibagh, Dhaka. | **Female** | 320 | 95 |
| 21 | Sapporo Dental College, Uttara, Dhaka | Male+Female | 321 | 90 |
| 22 | Sylhet Central Dental College, Sylhet | Male+Female | 322 | 40 |
| 23 | TMSS Medical College Dental Unit, Bogura. | Male+Female | 323 | 50 |
| 24 | Udayan Dental College, Rajshahi | Male+Female | 324 | 50 |
| 25 | University Dental College, Mogbazar, Dhaka. | Male+Female | 325 | 100 |
| 26 | Update Dental College, Turag, Dhaka. | Male+Female | 326 | 90 |
| | Total= | | | **1405** |

২৫. বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে বিডিএস কোর্সের বিভিন্ন প্রকার ফিঃ বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে বিডিএস কোর্সে ভর্তির জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রযোজ্য হবে। কোনো অবস্থাতেই সরকার কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত আদায় করা যাবে না। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের চিকিৎসা শিক্ষা-২ শাখার ১৬-০২-২০২৩ খ্রি. তারিখের ৭৫ নং স্মারক প্রযোজ্য হবে।

২৬. ভর্তির পর প্রত্যেক কলেজ কর্তৃপক্ষ প্রত্যেক ছাত্র/ছাত্রীর এসএসসি, এইচএসসি বা সমমান পরীক্ষার সনদ ও নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের মাধ্যমে সত্যতা যাচাই করবেন।

২৭. বিডিএস কোর্সের ছাত্র/ছাত্রীদের বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল অনুমোদিত চলতি কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম সম্পাদন করতে হবে। কোর্স শেষে স্ব স্ব ডেন্টাল কলেজ হাসপাতালে বিএমএন্ডডিসি নির্ধারিত লগবুক অনুযায়ী এক বছর ইন্টার্নশীপ সকলের জন্য বাধ্যতামুলক কোন অবস্থাতেই অন্য ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে ইন্টার্নশীপ মাইগ্রেশন করা যাবে না।

২৮. বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ও কোটা নির্ধারনে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত ও অনুমোদিত 'মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা ২০২৩' প্রযোজ্য হবে।

২৯. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে নির্ধারণ ও চূড়ান্তকরণ ডিজিটাল প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে।

৩০. নির্বাচিত কোন প্রার্থীর দেয়া তথ্য (যা কলেজ নির্ধারনে বিবেচিত হতে পারে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে, তার আবেদন /কলেজ নির্ধারন/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৩১. যে কোনো বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।


ডা: মুজতাহিদ মুহাম্মদ হোসেন
পরিচালক, চিকিৎসা শিক্ষা (ভারপ্রাপ্ত)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ ৪৮৮১১২০০
medicaledu313@gmail.com

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩২.০০১.২৩.৬৫১ তারিখ: ২৫.০৭.২০২৩ খ্রি.

**অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষন: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
২. মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(দৃষ্টি আকর্ষন: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৫. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:সচিব মহোদয়ের একান্ত সচিব)
৬. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৭. সচিব, সুরক্ষা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৮. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: পরিচালক, আইও বিভাগ)
৯. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
১০. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
১১. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
১২. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন , শের-এ বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
১৩. সভাপতি, উপদেষ্টা মন্ডলী, এমবিবিএস,বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২২-২০২৩
১৪. উপাচার্য, বিএসএমএমইউ, শাহাবাগ, ঢাকা
১৫. উপাচার্য, চট্টগ্রাম, রাজশাহী, সিলেট ও খুলনা মেডিকেল বিশ্ববিদ্যালয়।
১৬. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা
১৭. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, ঢাকা/ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
১৮. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৯. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক, প্রশাসন-১)
২০. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক, সমন্বয়)
২১. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২. সভাপতি, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
২৩. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
২৪. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা
২৫. সভাপতি, এমবিবিএস, বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২২-২০২৩
২৬. অতিরিক্ত মহাপরিচালক প্রশাসন/চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২৭. পরিচালক (ডেন্টাল শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২৮. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর/লাইন ডাইরেক্টর (এমইএন্ডএইচএমডি), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
২৯. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট ও খুলনা মেডিকেল বিশ্ববিদ্যালয়।
৩০. অধ্যক্ষ,.......................................................................বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে (সকল)
৩১. রেজিষ্ট্রার, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
৩২. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৩৩. সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, পুরানা পল্টন, ঢাকা (সকল মিডিয়াতে অত্র বিজ্ঞপ্তিটি প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
৩৪. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন
৩৫. অফিস কপি

২৫/০৭/২০২৩

ডা: মুজতাহিদ মুহাম্মদ হোসেন
পরিচালক, চিকিৎসা শিক্ষা (ভারপ্রাপ্ত)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ ৪৮৮১১২০০
medicaledu313@gmail.com